উপজেলা পরিষদ কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।
www.sarishabari.jamalpur.gov.bd

**উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর এর জুন /২০২৪ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ-**

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গিয়াস উদ্দিন পাঠান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী।
স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম।
তারিখ ঃ ২৭-০৬-২০২৪ খ্রিঃ,
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পরিষদের সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সবাইকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে বিনা সংশোধনীতে অনুমোদিত হয়। অত:পর নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ। | ক. ২০২৩-২৪ অর্থবছরে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় খরিপ-২/২০২৪-২৫ মৌসুমে রোপা আমন ধানের উফশীজাত ব্যবহারের মাধ্যমে আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের মাঝে বিনামূল্যে আমন ধানের উফশী বীজ ও সার বিতরণ কার্যক্রম খুব শীঘ্রই বাস্তবায়ন হবে। এ কার্যক্রমের আওতায় ১৪০০ জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরন করা হবে। এক্ষেত্রে প্রতি কৃষক ১ বিঘা জমির জন্য ৫ কেজি উফশী বীজ, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এম ওপি সার পাবেন। মাঠের সার্বিক কার্যক্রম সন্তোষ জনক বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। | ক. মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। সীমান প্রচীর এর কাজ উপজেলা নির্বাহী অফিসার সহকারী কমিশনার ভূমি এর সহযোগিতা নিয়ে কাজ করার পরামর্শ প্রদান করেন। | উপজেলা কৃষি অফিসার, সরিষাবাড়ী। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ। | ক. উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা বলেন, স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাভাবিক কার্যক্রম অব্যহত আছে। হাসপাতালে দালালদের নিয়ন্ত্রনের জন্য মাঝে একটি করে মোইলকোর্ট পরিচালনা করার জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া একটি মেহগনি গাছ ঝড়ে বেঙ্গে পড়েগেছে এবং একটি পুরাতন আমগাছ কর্তন করা প্রয়োজন। এছাড়া সাপে কাটা রোগী অতিদ্রুত নিয়ে আসার পরামর্শ প্রদান করেন হাসপাতালে সাপেকাটা রোগীর প্রয়োজনী ব্যাকসিন মজুত আছে। অসুস্থ্যরোগী পরিবহনের টলি চালানোর লোকবল নাই।নিরাপত্তা প্রহরীর ২টি পদের মধ্যে ১টি পদ শুন্য রহিয়াছে। পরিস্কার পরিচ্ছন্নতা কর্মীর ৫টি পদের মধ্যে ১ ট পদ শুন্য রহিয়াছে। ফলে পরিস্কার পরিচ্ছন্নতার কাজ বিঘ্ন হচ্ছে। | ক. হাসপাতালে দালালদের নিয়ন্ত্রনের জন্য মোবাইল কোর্ট পরিচালনা করা হবেমর্মে আসস্ত করেণ। গাছকাটার জন্য বন কর্মকর্তার সথে পরামর্শক্রমে বিধিমোতাবেক ব্যবস্থা নেওয়ার জন্য বলেন। সাপে কাটা রোগীর হাসপাতালে নিয়ে ব্যাকসিন দেওয়ার সিদ্ধান্ত হয়। | ক.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ। | ক. উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় বলেন, গবাদি প্রাণি টিকা প্রদান- ৪০৬০ মাত্রা, হাঁস-মুরগী- ৯১৪০০ মাত্রা। চিকিৎসা গবাদিপ্রাণি ২৮৮১ টি, হাঁস-মুরগী- ২১,৬৭০ টি। প্রশিক্ষণ- ৩২০ জন, কৃত্রিম প্রজনন- ৫৩৫ টি বাচ্চা উৎপাদন ৩৪০ টি, রাজস্ব আদায়- টিকা ৩২,৩৩৫/- কৃত্রিম প্রজনন- ৪০,১২৫/- বিবিধ রাজস্ব প্রাপ্তি খামার রেজিস্ট্রেশন- ০০/- ফি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ১টি।<br>খ. অত্র উপজেলায় গবাদি প্রাণির লাম্পি স্কিন ডিজিজ রোগের প্রাদুর্ভাব দেখা দেয়ায় গবাদি প্রাণির স্বাস্থ্য সুরক্ষায়র জন্য এই | ক. গবাদি পশু ও হাঁস মুরগীর মড়ক প্রতিরোধে সব ধরণের আগাম প্রস্তুতি নিতে হবে।<br>খ. উপজেলা চেয়ারম্যান উক্ত ব্যাকসিন ক্রয়ের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদানের জন্য সম্মতি জ্ঞাপন করেন। | ক. উপজেলা প্রাণি সম্পদ অফিসার, সরিষাবাড়ী। |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | রোগের জন্য পর্যাপ্ত পরিমান ভ্যাকসিন না থাকার কারণে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদানের জন্য আহবান জানান ।<br>অত্র দপ্তরে মাটি ভরাট প্রাক্কলন সময় অনুমোদনের জন্য সভার সম্মানীত সভাপতিসহ সকল সদস্যের সুবিবেচনার জন্য আহবান করা হলো। উত্তরাঞ্চলের সীমান্তবর্তী সুবিধাবঞ্চিত ৮৬টি এলাকা ও নদী বিধৌত চরাঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ১২৩০ জন, উপকারভোগীর মধ্যে ৮২০ জনকে মুরগীর ঘর ও ৪১০ জনকে হাঁসের ঘর প্রদান করা হবে । | | |
| ০৪ | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ। | ক. ০১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত জাটকা মৌসুম । এ সময়ে জাটকা আহরণ, ক্রয়-বিক্রয়, মজুদ ও বিনিময় দণ্ডনীয় অপরাধ। ১০ ইঞ্চি (২৫ সেন্টিমিটার) দৈর্ঘ্যের চেয়ে ছোট ইলিশ জাটকা নামে পরিচিত। জাটকা মৌসুমের কারনে বিভিন্ন হাট –বাজার পরিদর্শন এবং লিফলেট বিতরণ। গিলা/ আওলা ইউনিয়নের যমুনা নদীতে ০৪ টি অভিযান পরিচালনা করা হয় । অত্র উপজেলার ০৪ জন মৎস্য চাষির পুকুরের পানি পরীক্ষা করা হয় । অত্র উপজেলার পৌরসভা/বিভিন্ন ইউনিয়ন হতে অত্র দপ্তরে অফিসে আগত ও সরাসরি পুকুর পরিদর্শন পূর্বক ১১ জন মৎস্য চাষিদের মাছ চাষ বিষয়ে পরামর্শ প্রদান। দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>খ. সভায় সিনিয়র উপজেলা মৎস্য অফিসার আরও জানান যে, উপজেলার অভ্যান্তরে একটি পুকুর আছে তা মাছ চাষের উপযোগী করে তৈরি করা জন্য সভায় প্রস্তাব করেন । উক্ত পুকুরের মাছ চাষের বরাদ্দ সাপেক্ষে ব্যয় সিনিয়র উপজেলা মৎস্য অফিস বহন করবে । আগামী মাসের প্রথম সপ্তাহে মৎস্য সপ্তাহ পালিত হবে । | ক. জাটকা মৌসুমের কারনে বিভিন্ন হাট বাজার পরিদর্শন এবং লিফলেট বিতরণ করা হয়েছে । জাটকা সংরক্ষন সপ্তাহ উপলক্ষে গিলা/আওলা ইউনিয়নের যমুনা নদীতে ০৪ টি অভিযান পরিচালনা করা হয় । মৎস্য চাষিদের উন্নয়নে মাঠ পর্যায়ে কার্যক্রম আরও বাড়াতে হবে । | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নাগরপুর/গতিয়াবাড়ী। |
| ০৫ | উপজেলা প্রকৌশলী বিভাগ। | ক. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এডিপি ২০২৩-২৪ অর্থ বৎসরের কাজ সষ্ঠভাবে সম্পাদন করা হয়েছে ।<br>২০২৩-২৪ অর্থ বৎসরের পিইডিপি -৪ প্রকল্পের আওতায় ২টি স্কুল এর ভবন এবং তিনটি স্কুলের বাউন্ডারী ওয়াল এর কাজ ইতিমধ্যে টেন্ডার করা হয়েছে ।<br>উপজেলা পরিষদ কমপ্লেক্স সম্প্রসারন এর আওতায় ইতিমধ্যে উপজেলা পরিষদ কমপ্লেক্স বিল্ডিং এর ৫ম তলার জয়- ডিজিটাল সেন্টার এর কাজ শুরু করা হয়েছে । এছাড়া দপ্তরের অন্যান্য কাজ চলমান আছে । | ক. উপজেলা প্রকৌশলীকে সকল প্রকল্পের কাজ সঠিক তদারকির মাধ্যমে কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত হয় । | ক. উপজেলা প্রকৌশলী এলজিইডি, গতিয়াবাড়ী। |
| ০৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ । | ক. বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা ফুটবল টুর্নামেন্ট ইউনিয়ন পর্যায়ে সমাপ্ত হওয়ার পর ২৪ জুন ২০২৪ বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা ফুটবল টুর্নামেন্ট উপজেলা পর্যায়ে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কাজ চলমান আছে। | ক. বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা ফুটবল টুর্নামেন্ট বেশ সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পন্ন হয়েছে । | ক. উপজেলা শিক্ষা অফিসার, গতিয়াবাড়ী। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | ক.উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, "ডিসেমিনেশন অব নিউ কারিকুলাম স্কিম" প্রকল্পের আওতাধীনে "পেশাগত কোর্স (জীবন ও জীবিকা)" বিষয়ে ১৫৪ জন এবং ডিজিটাল প্রযুক্তি প্রোগ্রামিং ও নেটওয়ার্কিং) বিষয়ে | ক. এইচ.এস.সি পরীক্ষার্থী = ২৭১৬ জন, আলিম পরীক্ষার্থী = ১৭৫ জন, বি.এম.টি. পরীক্ষার্থী = | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, |

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ৭৬ জন সর্বমোট ২৩০ জন ১০/০৬/২০২৪ খ্রি. হতে ১৪/০৬/২০২৪ খ্রি. পর্যন্ত প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে । আগামী ৩০/০৬/২০২৪ খ্রি. তারিখ এইচ.এস.সি/ সমমানের ০৫টি কেন্দ্রে পরীক্ষা শুরু হবে ।এতদইবয়ে প্রস্তুতিমূলক সভা করা হয়েছে । এইচ.এস.সি পরীক্ষার্থী = ২৭১৬ জন, আলিম পরীক্ষার্থী = ১৭৫ জন, বি.এম.টি. পরীক্ষার্থী = ১২৬২, সর্বমোট = ৪১৫৩ জন ।<br>পবিত্র ঈদুল আযাহা ছুটি শেষে ২৬/০৬/২০২৪ খ্রি. তারিখ হতে প্রতিষ্ঠানসমূহ খুলছে । ৩রা জুলাই ২০২৪ খ্রি. তারিখ হতে প্রতিষ্ঠান সমূহে যা মাসিক সামষ্টিক মূল্যায়ণ শুরু হবে । এছাড়া দপ্তরের অন্যান্য কাজ চলমান আছে। | ১২৬২, সর্বমোট = ৪১৫৩ জন ।<br>পবিত্র ঈদুল আযাহা ছুটি শেষে ২৬/০৬/২০২৪ খ্রি. তারিখ হতে প্রতিষ্ঠানসমূহ খুলছে । ৩রা জুলাই ২০২৪ খ্রি. তারিখ হতে প্রতিষ্ঠান সমূহে যা মাসিক সামষ্টিক মূল্যায়ণ শুরু হবে । | সরিষাবাড়ী । |
| ০৮ | উপজেলা সমাজসেবা অফিস । | ক. উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে। প্রতিবন্ধী জরিপ করা হয়েছে ২০ জনের। প্রবিন্ধী আইডি কার্ড বিতরণ করা হয়েছে ১৮ জনের। ভিক্ষুকদের ছাগল বিতরন করা হয়েছে ১০ জনের মধ্যে । রোগী কল্যান সমিতির ২০ জন রোগীর মাঝেঔষধ বিতরণ করা হয়েছে । ক্ষুদ্রঋণ আদায় করা হয়েছে ৭,০০০০০/- টাকা, এবং ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েচে ৩,৬০,০০০/- । এছাড়া দপ্তরের অন্যান্য কাজ চলমান আছে। | ক. সকল প্রকার সাহায্য সহযোগিতা সঠিক ভাবে দুস্থদের মাঝে বিতরণ করার সভায় সিদ্ধান্ত হয় । | ক.উপজেলা সমাজসেবা অফিসার, সরিষাবাড়ী । |
| ০৯ | উপজেলা সমবায় অফিস । | ক. উপজেলা সমবায় অফিসার সভায় জানান, সমবায় সমিতি সমূহের অডিট সম্পাদন চলতি মাসে ০০, মোট সম্পাদন ১৯৫ সমবায় সমিতি সমূহের পরিদর্শন চলতি মাসে-০৫ টি, মোট সম্পাদন ৬০<br>টি, রাজস্ব আদায়(নেনটেক্স রেভিনিউ) চলতি মাসে ৪০০০ মোট সম্পাদন ১৫৯৯০০/ -,সমবায় উন্নয়ন তহবিল আদায় ৮৭৫/- মোট সম্পাদন ৩৯৬২৫/-, সমবায় সমিতি সমূহের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ৫ টি, মোট সম্পাদন ১১০ টি, সমবায় সমিতি সমূহের নির্বাচন অনুষ্ঠান চলতি মাসে- ২৪ টি, মোট সম্পাদন ৬৬ টি, আই জি এ প্রশিক্ষণ প্রদান চলতিমাসে ০০ মোট সম্পাদন ১২০, সমবায় সমিতি নিবন্ধন প্রদান চলতি মাসে ০ টি মোট ২ টি, দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় ৪৬,০০০/- মোট সম্পাদন ১৪,১৭,০০০/- আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় চলতি মাসে- ২০০/-, মোট সম্পাদন ১৭,৬২৫/-,সমবায়ীদের অবহিত করণ সভা চলতিমাসে ০টি মোট কর্ম সম্পাদন ১৪টি, স্ব-কর্মসংস্থান সৃষ্টি চলতি মাসে কর্ম সম্পাদন ৩০টি মোট কর্ম সম্পাদন ১২০টি। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. সমবায়ীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান করে, সক্ষমতা অর্জনের জন্য গুরুত্ব প্রদান করা হয় । এবং মাঠে ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সরিষাবাড়ী । |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন অফিস। | ক. উপজেলা যুবউন্নয়ন অফিসার সভায় জানান যে, ২০২৩-২০২৪ চলতি অর্থ বছরে আত্মকর্মসংস্থান কর্মসূচীর রাজস্ব খাতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ১৪ টি ব্যাচে ৩০ জন করে ৪২০ জন। মে/ ২০২৪ মাস পর্যন্ত ১২ টি ব্যাচের প্রশিক্ষণ হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে পরিবার ভিত্তিক কর্মসংস্থান কর্মসূচীর আওতায় লক্ষ্য মাত্রা ১টি কেন্দ্র গঠন। পরিবার ভিত্তিক ও আত্মকর্মসংস্থান কর্মসূচীর ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৩৭,০০,০০০/= (সাইত্রিশ লক্ষ) টাকা। মে/ ২০২৪ মাস পর্যন্ত আত্মকর্মসংস্থান কর্মসূচীর ২৫জনকে ১১,৮০,০০০/- এবং পরিবার ভিত্তিক কর্মসূচীর ৪০ জনকে ৪,৮০,০০০/- টাকা সর্বমোট ৬৫জনকে ১৬,৬০,০০০/- ঋণ বিতরন করা হয়েছে। | ক. সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠভাবে সম্পন্ন করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যুব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণ ব্যবস্থা নিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী। |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন, মে/২০২৪ ইং মাসের নিম্নোক্ত সেবা প্রদান করা হয় । মোট জনসংখ্যা ঃ ৩,৫৫,৭২০,মোট সক্ষম দম্পতি ৬৭,০৫১ জন উপজেলার সর্বমোট পদ্ধতি গ্রহণকারী ৫১,৫০১ । পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৬.৮১% জন । পুরুষ বন্ধ্যাকরণ -০০ জন, মহিলা বন্ধ্যাকরণ-০২ জন, আই. ইউ. ডি ৩৩ জন , ইমপ্লান্ট- ২৬ জন, ইনজেকশন ০০ ভয়েল, খাবার বড়ি (সুখী) ১৮৫৮৭ চক্র. খাবার বড়ি (আপন) ১৪৪ চক্র, কনডম- ২৯৫৩৯ পিছ । অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে জোরালোভাবে কাজ করতে হবে এবং সফলতা কার্যক্রম ধরে রাখতে হবে। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সরিষাবাড়ী। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস। | ক. মা ও শিশু সহায়তা কর্মসূচীর সুবিধাভোগীদের মে/২০২৪ ইং পর্যন্ত সকল ইউনিয়ন সুবিধাভোগীদের নামের তালিকা অনুমোদন করা হয়েছে। জুন/২০২৪ ইং মাসের ০৮ ইউনিয়নের ভিডব্লিউবি চাউল বরাদ্দ আদেশ (ডিও) প্রদান করা হয়েছে। কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে। পূর্বের ন্যায় কিশোর-কিশোরীদের নাস্তা প্রদান করা হচ্ছে। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমে বকেয়া ঋণ আদায়ের লক্ষ্যে ঋণ খেলাপীদের নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ. অত্র দপ্তরের সামনে মাটি ভরাটের জন্য ১১,১৩৬০০ (এগারলক্ষ তেরহাজার ছয়শত) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে । উক্ত বরাদ্দের আলোকে মেসার্স শিহাব এন্টার প্রাঃ কে কাজ প্রদান করা হয়েছে, এবং মাটি ভারটের কাজ চলমান আছে । এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ক. মা ও শিশু সহায়তা সুবিধাভোগীদের নামের তালিকার অনুমোদন করা হয়েছে। জুন/২০২৪ ইং মাসের ০৮ ইউনিয়নের ভিডব্লিউবি চাউল বরাদ্দ আদেশ (ডিও) প্রদান করা হয়েছে ।<br>খ. ঠিকাদার প্রতিষ্ঠানকে সিডিউল অনুযায়ী কাজ বাস্তবায়ন করার জন্য সভায় সিদ্ধান্ত হয় । | ক. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি.আর.ডিবি) | ক.বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়িত সরিষাবাড়ী উপজেলার ০৭ টি প্রকল্প/কর্মসূচির কাজ চলমান রয়েছে। ১. মূল কর্মসূচি (আবর্তক) ২. সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচী (সদাবিক) ৩. পল্লী প্রগতি কর্মসূচী ৪. মহিলা উন্নয়ন কর্মসূচী ৫. দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন, প্রক্রিয়াকরন ও বাজারজাতকরন শীর্ষক প্রকল্প ৬. বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের আত্নকর্মসংস্থান ও প্রশিক্ষন প্রকল্প ৭. সরকারের বিশেষ প্রণোদনা এস এম ই ঋণ " প্রতিটি প্রকল্প/কর্মসূচীর কাজ ঋণ বিতরন, ঋণ আদায়, সঞ্চয় ও শেয়ার আদায় চলমান রয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে ৭টি প্রকল্পের ঋণ বিতরনের মোট লক্ষ্যমাত্রা ১৬৪.৬৮ লক্ষ টাকা নির্ধারন করা হয়েছে। মাঠ পর্যায়ে ১১৩.৭৮ লক্ষ টাকা খেলাপী রয়েছে। মাঠ পর্যায়ের খেলাপী টাকা আদায়ের জন্য সমিতি পর্যায়ে সদস্যদের নোটিশ প্রদান করা হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক কর্ম সম্পাদনে চুক্তির আলোকে মাঠ পর্যায়ের কাজ চলমান রয়েছে। আন্তঃবিভাগীয় তেমন কোন সমস্যা নেই। | ক. মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। | ক. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী। |

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিস। | ক. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় বলেন ক্ষুদ্রঋণ কার্যক্রম ঃ- সমিতির সংখ্যা ১০৮ টি, মোট সদস্য সংখ্যা- ৫৬৬২ জন,চলতি মাসে নতুন সদস্য ভর্তি- ৩০০ জন, ঋণ বিতরণ ৬৫.০০ (লক্ষ টাকা) চলতি মাসে ঋণ আদায় ৭২.০০/-চলতি মাসে সঞ্চয় আদায় = ১২.০০ (লক্ষ টাকা) ঋণ আদায়ের হার ৯৬% ।<br>নারী উদ্যোক্তা ঋণবিতরণ ঃ মোট সদস্যসংখ্যা ২৩৬ জন চলতি মাসে ঋণবিতরণ করা হয়েছে ২১.০০(লক্ষ টাকা)। চলতি মাসে ঋণ আদায় ২২.০০(লক্ষ টাকা) চলতি মাসে ঋণ আদায়ের হার ১০০%খেলাপী ঋণের পরিমান ১২.০০(লক্ষ) টাকা, খেলাপী থেকে আদায় ০.২৫(লক্ষ) মাঠে পাওনা টাকার পরিমান ১৭২.৬০ (লক্ষ) টাকা।<br>উদ্যোক্তা ঋণ কার্যক্রম- মোট সদস্য ১৬৪ জন, চলতি মাসে নতুন উদ্যোগ ৮ জন, চলতি মাসে ঋণ বিতরণ ২২.০০(লক্ষ টাকা),চলতি মাসে ঋণ আদায় হয়েছে ২৫.০০(লক্ষ টাকা), চলতি মাসে ঋণ আদায়ের হার ৯৮%, মোট খেলাপী ঋণের পরিমান ২৯.৪০ (লক্ষ টাকা), খেলাপী থেকে আদায় ০.৩০ (লক্ষ টাকা), মাঠে পাওনা ঋণের পরিমান ১৬৫.৬০ (লক্ষ টাকা), তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. সকল ঋণ আদায় কার্যক্রম চালু রাখতে হবে এবং খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা পালন করতে হবে। | ক. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার, সরিষাবাড়ী। |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। | ক. উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ ভিত্তিক ২য় পর্যায়ের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা- কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ( টিআর) কর্মসূচী চলমান রয়েছে ।<br>২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ ভিত্তিক ৩য় পর্যায়ের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা- কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ( টিআর)কর্মসূচির ৩য় পর্যায়ের কাজ চলমান রয়েছে ।<br>২০২৩-২০২৪ অর্থ বছরে নির্বাচনী এলাকা ভিত্তিক (১৪১ জামালপুর-৪) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা- কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর প্রকল্পের কাজ চলমান রয়েছে ।<br>২০২৩-২০২৪ অর্থ বছরে নির্বাচনী এলাকা ভিত্তিক (১৪১ জামালপুর-৪) গ্রামীণ অবকাঠামো সংস্কার ( কাবিটা) প্রকল্পের কাজ চলমান রয়েছে ।<br>২০২৩-২০২৪ অর্থ বছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর (২য় পর্যায়) এর কাজ সম্পন্ন হয়েছে ।<br>২০২৩-২০২৪ অর্থ বছরে এইচবিবি, সেতু/ কালভার্ট এর কাজ চলমান রয়েছে । বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে ।<br>খ. উপজেলা চেয়ারম্যান বলেন নদী ভাঙনে কবলে ২৯ টি ঘর নদী গর্ভে বিলিন হয়ে যায়। প্রতিটি ঘরের জন্য ঢেউটিন বিতরণের জন্য উপজেলা চেয়ারম্যান প্রস্তাব করেন । | ক. সকল প্রকল্পের কাজ সঠিক তদারকির মাধ্যমে বাস্তবায়ন করতে হবে। এবং নির্দিষ্ট সময় এর ভিতর প্রকল্প শেষ করতে হবে ।<br>খ. উক্ত প্রস্তাব সভায় সর্বসম্মতি ক্রমে পাশ হয় । | ক.উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | ক বলেন সম্পদ উন্নয়ন গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্প এর আওতায় ০৪ টি,পাবলিক টয়লেট, ০৯ টি হ্যান্ডওয়াশিং বেসিন ইউনিট,০২ টি (৩০-৪০ পরিবার) কমিউনিটি ভিত্তিক পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহে স্কিমের গভীর নলকূপ স্থাপন কাজ চলমান আছে। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় সাবমার্সিবল পাম্পযুক্ত | ক. উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা চেয়ারম্যান সভায় বলেন যে, সকল প্রকল্পের কাজ সরকারী নীতিমালা অনুসারে শেষ করার জন্য উপ-সহকারী | ক. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, |

| ক্র নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | কমিউনিটি ভিত্তিক ৩৯ টি,গভীর নলকূপ (প্রতি ১০ পরিবারের জন্য ০১ টি) এর সাইট নির্বাচনের কাজ চলমান আছে। GPS/NNGPS/PEDP-4 প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্সিবল পাম্পযুক্ত জলাধার সহ অগভীর নলকূপ ও হ্যান্ড ওয়াশিং বেসিন স্থাপন এবং ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান আছে। দাপ্তরীয় অন্যান্য কাজসুষ্ঠু ও স্বাভাবিকভাবেচলছে। | প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অবহিত করেন । | সরিষাবাড়ী। |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা। | ক. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার সভায় জানান যে, ভিজিডি ৭৩.৫০০ টন চল বিতরন করা হয় । টিসিবি ১৪৩ টন, ফায়ার সার্ভিস/ ইপি খাত ৮৮৪ কেজি চাউল এবং ৭৮৪ কেজি গম। | ক. খাদ্য নিয়ন্ত্রককে সকল বন্টন সঠিক ভাবে পরিচালনা করার জন্য বলা হয় । | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ১৮ | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা। | ক. ফরেষ্টার, বন ও পরিবেশ বিভাগ সভায় জানান যে, এ উপজেলায় লাইসেন্স বিহীন করাত কলের মালিকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ করা হয় ।<br>খ. জেলা ফরেষ্টার হতে এমপি মহোদয়ের জন্য উপজেলা পরিষদ বৃত্তিক ৫০০০ (পাঁচ) হাজার ফলজ ও বনজ চারা বিতরণ করা হবে যা আগামী ১০ দিনের মধ্যে বিতরণ করা হবে । আর বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে । | ক.উপজেলায় লাইসেন্স বিহীন করাত কলের মালিকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে ।<br>খ. উক্ত চারা সঠিক ভাবে বিতরণের জন্য সিদ্ধান্ত হয় । | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা, সরিষাবাড়ী । |
| ১৯. | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক। | ক পল্লীসঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২১০টি সমিতিতে ১০৪২০ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। সক্রিয় ঋণী আছে ৬,২৩৮ জন (এসএমইসহ)। সদস্যর সঞ্চয় আছে ৬,৫১,০৩,৯৭৪/-টাকা ও ঋণের স্থিতি আছে ১৯,৯১,২৪,৭৩৩/-। এ পর্যন্ত শাখায় ১,৩৫৩ জন সদস্য প্রত্যাহার হয়েছে। বর্তমান অর্থ বছরের আদায়ের হার ৬৮% এবং অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ক. উপজেলায় ব্যাংকে মোট ২১০টি সমিতিতে ১০৪২০ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। | পল্লীসঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক । |
| ২০. | | | | ইউডিএফ, সরিষাবাড়ী |
| ২১ | উপজেলা পাট পরিদর্শক | উপজেলা পাট কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে পাটের ফলন ভালো হয়েছে। পাটের দাম কম থাকায় পাট ব্যবসায়িরা লোকসানের মুখে পাড়েছে । এজন্য গত বৎসরের তুলনায় এ বৎসর প্রায় ৫০ টি লাইসেন্স কম হয়েছে। | রাজস্ব আয় আরও বাড়াতে হবে। | উপজেলা পাট পরিদর্শক । |
| ২২ | বিদ্যুৎ বিভাগ। | ক. উপজেলা ডি,জি,এম,পল্লীবিদ্যুৎ সমিতি সভায় জানান যে, জানুয়ারী মাসে গ্রহক সংযোগ আবাসিক = ১৪৮ টি, বানিজ্যিক = ১১ টি, সেচ = ০২ টি,শিল্প,= ০১ টি, অন্যান্য = ০ টি, সর্বমোট = ১৬২ টি ।<br>খ. বিদ্যুৎ সরবরাহ ঃ ০১। পিক আওয়ার সন্ধা ৬.০০ হতে রাত ১১.০০ ঘটিকা, চাহিদা ২২ মেঃ ওঃ প্রাপ্তি ১২ মেঃ ওঃ লোডশেডিং ১০ মেঃওঃ অর্থাৎ পিক আওয়ারে ৩৯% লোডশেডিং হচ্ছে ।<br>০২। অফ পিক আওয়ার রাত ১২.০০ ঘটিকা হতে সকাল ৫.০০ ঘটিকা, চাহিদা ১৬ মেঃওঃ প্রাপ্তি ৯ মেঃওঃ লোডশেডিং ৭ মেঃওঃ অর্থাৎ অফ পিক আওয়ারে ৫০% লোডশেডিং হচ্ছে । | ক. উপজেলা ডি,জি,এম,পল্লীবিদ্যুৎ সমিতি সভায় জানান যে, তাদের গ্রাহক চাহিদার তুলনায় প্রাপ্তি অনেক কম । সর্বরাহ বাড়ানোর জন্য কর্তৃপক্ষের সু-দৃষ্টি কামনা করেন। | নির্বাহী প্রকৌশলী পিডিবি / ডিজিএম পল্লী বিদ্যুৎ |

| ক্র: নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২৩. | বিবিধ আলোচনা | ক.উপজেলা নির্বাহী অফিসার সভায় প্রস্তাব করেন যে, পিংনো বাজার হয়ে পূর্বে বেঙ্গুইলে পর্যন্ত রাস্তাটি বীরপ্রতিক মোঃ আব্দুল হাকিম এর নামে নাম করণ করার জন্য সভায় প্রস্তাব করেন ।<br>খ. পোগলদিঘা ইউনিয়নের চেয়ারম্যান বলেন যে, কুরবানীর ঈদে (দাপস) এনজিও কর্তৃক গরু কোরবানী করার কথা ছিল তা আর পরবর্তীতে জানতে পারলামনা ।<br>পরবর্তীতে ডোয়াইল ইউপি. চেয়ারম্যান বলেন তার ইউনিয়নে কোন এক জায়গায় কোরবানী করা হয়েছে বলে শুনেছেন তাও আবার ছোট ছোট গরু জবাই করা হয়েছে । এবং মাংস ফ্রি দেওয়ার কথা থাকলেও ভোক্তাদের কাছ থেকে টাকা গ্রহন করা হয়েছে সভায় বলেন ।<br>গ. উপজেলা চেয়ারম্যান উপজেলা প্রকৌশলীকে বলে দীর্ঘ চার বৎসর হলো উপজেলা চেয়ারম্যান বাসবভন এর কাজ চলমান আছে । কাজটি এখন পর্যন্ত শেষ না হওয়ার কারণ জানতে চান। | ক. উক্ত প্রস্তাব সভায় সর্বসম্মতি ক্রমেপাশ হয়। উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সভায় সিদ্ধান্ত হয় ।<br>খ.উক্ত এনজিওর বিরুদ্ধে তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহন করা হবে বলে সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন ।<br>গ.উপজেলা প্রকৌশলী ঠিকাদার প্রতিষ্ঠানকে বার বার অবহিত করার পরও কাজটি সমাপ্ত করছেন বলে সভায় অবহিত করেন । | |

সভাপতি সকল দপ্তরকে তাদের কার্যক্রম সম্পর্কে সভাপতিকে অবহিত করার জন্য অনুরোধ করেন । সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

27/6/24

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গিয়াস উদ্দিন পাঠান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর ।
তারিখ ঃ ২৭-০৬- ২০২৪ খ্রি

স্মারক নং ঃ ০৫.৩০.৩৯৮৫.০০০.১৬.০১০.২৩-

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ-

০১। আলহাজ্ব অধ্যক্ষ মোঃ আবদুর রশীদ, মাননীয় সংসদ সদস্য,-১৪১ জামালপুর-৪
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, জামালপুর।
০৪। উপ- পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
০৭। জনাব ..........................................................................................................................................

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-

০১। উপজেলা ..........................................................................অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
০২। চেয়ারম্যান,.......................................................................ইউনিয়ন পরিষদ (সকল), সরিষাবাড়ী, জামালপুর।
০৩। জনাব ............................................................

27/6/24

(শারমিন আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
সরিষাবাড়ী, জামালপুর।
ফোন নং- ০৯৮২৭-৫৬০১৮
email-unosarishabari@mopa.gov.bd